গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০১.২০-২১৪

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৭ / ১৪ ডিসেম্বর ২০২০

**বিষয়ঃ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৫.১১.২০২০ তারিখ অনুষ্ঠিত স্বাস্থ্য সেবা বিভাগের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির/গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি আগামী ২০.১২.২০২০ তারিখের মধ্যে হার্ডকপি ও সফটকপি আকারে (ই-মেইল-monitor@hsd.gov.bd) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/১২/২০২০
(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
monitor@hsd.gov.bd

**বিতরণঃ**

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. সিনিয়র সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ (অভ্যন্তরীণ) এর নভেম্বর/২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : মো. আবদুল মান্নান
সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩২, ভবন-৩)
তারিখ ও সময় : ২৫.১১.২০২০ খ্রিঃ, সকাল: ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট-'ক'** তে সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্বাস্থ্য সেবা বিভাগের নভেম্বর/২০২০ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি কোভিড ১৯ জনিত দুর্যোগপূর্ণ মূহুর্তে মানসিক, আর্থিক ও সামাজিক ঝুকি নিয়ে কাজ করে যাওয়ার জন্য স্বাস্থ্য সেবা বিভাগে কর্মরত সহকর্মীদের ধন্যবাদ জানান। তিনি আরো বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনা মোকাবেলায় স্বাস্থ্য সেবা বিভাগের অবস্থান ভাল মর্মে প্রশংসা করেছেন। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের এগিয়ে চলার গতি অব্যাহত রাখতে সকলকে অনুরোধ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে গত ২৮.১০.২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

৩। সভায় কার্যপত্রের আলোকে গত ২৮.১০.২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **নিষ্পন্ন-অনিষ্পন্ন বিষয়:** সভাপতি শাখায় কোন ডাক পড়ে রয়েছে কিনা তা প্রতি সপ্তাহে তদারকি করার জন্য অনুবিভাগ প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি জানান যে, মাননীয় মন্ত্রী সেন্ট্রাল অক্সিজেন লাইনের বিষয়ে খোঁজ খবর নিয়েছেন। তিনি সেন্ট্রাল অক্সিজেন স্থাপন নিয়ে কর্মরত শাখাকে কাজের অগ্রগতি সম্পর্কে নিয়মিত মাননীয় মন্ত্রীকে হালনাগাদ তথ্য প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ ও পররাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রেরিত পত্র তাৎক্ষণিক নথিতে উপস্থাপন করার নিদের্শনা প্রদান করেন। তিনি ঔষধ প্রশাসন অধিদপ্তর, কেন্দ্রিয় ঔষধাগার হতে প্রাপ্ত পত্রগুলোও দ্রুত নথিতে উপস্থাপন করতে বলেন। তিনি কোভিড-১৯ সেবাদানকারীদের প্রণোদনা ও ভাতা বিল সংক্রান্ত আবেদনসমূহ স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে যাচাই-বাছাইপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে পত্র দেয়ার বিষয়ে হাসপাতাল অনুবিভাগকে নির্দেশনা প্রদান করেন। | (ক) শাখায় কোন ডাক পড়ে রয়েছে কিনা তা প্রতি সপ্তাহে অনুবিভাগ প্রধানগণ তদারকি করবেন।<br>(খ) কোভিড-১৯ সংক্রান্ত **পত্রসহ যে কোনো জরুরী পত্র** শাখায় ২৪ ঘন্টার বেশী ফেলে রাখা যাবে না।<br>গ) কোভিড-১৯ মহামারীতে সেবা প্রদানকারীদের প্রণোদনা এবং বিশেষ সম্মানী প্রদান সংক্রান্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে পত্র দিতে হবে। | হাসপাতাল/ বাজেট অনুবিভাগ |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.২ | **নথি বিনষ্টকরণ:** সভাপতি নথি বিনষ্টের কার্যক্রম চলমান রাখার জন্য শাখা/অধিশাখায় অপ্রয়োজনীয় নথিসমূহ শ্রেণীবিন্যাস করে বিনষ্টকরণের এবং বিষয়টি তদারকি করতে অনুবিভাগ প্রধানদের নির্দেশনা প্রদান করেন। সভাপতি নথিসমূহের পৃষ্ঠা সংখ্যা সর্বোচ্চ ২০০ এর মধ্যে রাখার এবং প্রয়োজনে অংশ নথি খোলার নির্দেশনা প্রদান করেন। | (ক) বাংলাদেশ সচিবালয় নির্দেশনা-২০১৪ মোতাবেক নথি বিনষ্ট করতে হবে।<br>(খ) প্রতিটি শাখা/অধিশাখা হতে নথি শ্রেণি বিন্যাস করে অপ্রয়োজনীয় নথিসমূহ বিনষ্টকরণের তালিকা প্রণয়নপূর্বক প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে।<br>(গ) প্রশাসন-২ শাখা নথি বিনষ্টকরণের কার্যক্রম গ্রহণ করবে।<br>(ঘ) নথির পৃষ্ঠা সংখ্যা সর্বোচ্চ ২০০ পর্যন্ত রাখতে হবে এবং প্রয়োজনে পার্ট ফাইল খুলতে হবে। | (ক) প্রশাসন-২ অধিশাখা<br>(খ) সকল শাখা/ অধিশাখা |
| ৩.৩ | **শাখা পরিদর্শন:** উপসচিব (প্রশাসন-৪) জানান যে, ২৩টি শাখা/ অধিশাখা হতে এ মাসে শাখা পরিদর্শন প্রতিবেদন পাওয়া গিয়েছে। সভাপতি বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা ২০১৪ মোতাবেক কর্মকর্তাগণকে শাখা পরিদর্শনে গুরুত্ব দিতে নির্দেশনা দেন। তিনি শাখা পরিদর্শন প্রতিবেদন সচিব মহোদয়কে অবহিতকরণপূর্বক প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে বলেন। তিনি আকস্মিক শাখা পরিদর্শন করবেন এবং শাখা পরিদর্শনকালে কোন ত্রুটি-বিচ্যুতি দেখলে ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে জানান। | (ক) বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা ২০১৪ মোতাবেক সকল কর্মকর্তাকে নিয়মিত শাখা পরিদর্শন করতে হবে ।<br>(খ) শাখা পরিদর্শন প্রতিবেদন সচিব মহোদয়কে অবহিতকরণপূর্বক প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে।<br>গ) সচিব মহোদয় আকস্মিক শাখা পরিদর্শন করবেন এবং শাখা পরিদর্শন কালে কোন ত্রুটি-বিচ্যুতি দেখলে ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল অনুবিভাগ প্রধান ও অধিশাখা/ শাখার কর্মকর্তাগণ |
| ৩.৪ | **হাসপাতাল পরিদর্শন :** সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগে কর্মরত কর্মকর্তাগণকে স্ব স্ব এলাকার হাসপাতাল পরিদর্শনপূর্বক প্রতিবেদন সংশ্লিষ্ট শাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | স্বাস্থ্য সেবা বিভাগে কর্মরত কর্মকর্তাগণ স্ব স্ব এলাকার হাসপাতাল পরিদর্শনপূর্বক প্রতিবেদন সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবেন। | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ৩.৫ | **মন্ত্রণালয়ের পদ সৃষ্টি ও শূন্যপদ পূরণ:** সভাপতি শেখ মুজিবর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং শাহিনা খাতুন, যুগ্মসচিব (পার) এর নেতৃত্বে পদসৃষ্টির কাজের ভূয়সী প্রশংসা করে বলেন, গত দু'মাসে শেখ মুজিবরের নেতৃত্বে প্রশাসন অনুবিভাগ কষ্ট করে যে কাজ করেছে তা প্রশংসাযোগ্য। জনাব শেখ মুজিবর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান, শূন্যপদ পূরণের জন্য নিয়োগের কার্যক্রম শুরু করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি শূন্য পদসমূহ দ্রুত পূরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। | (ক) স্বাস্থ্য সেবা বিভাগের শূন্য পদসমূহ নিয়োগ বা পদোন্নতির মাধ্যমে বিধি অনুসরণ করে দ্রুত পূরণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| ৩.৬ | **এপিএ বাস্তবায়ন:** স্বাস্থ্য সেবা বিভাগের এপিএ'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক এপিএ সংক্রান্ত শীঘ্রই একটি সভা আহবান করা হবে। প্রথম ত্রৈমাসিকে আশানুরূপ অর্জন করতে ব্যর্থ সূচকের দিকে অধিক গুরুত্ব প্রদানের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ/শাখা/ অধিশাখাকে অনুরোধ জানানো হয়েছে এবং দপ্তর/ সংস্থাকে পত্র প্রেরণ করা হয়েছে। এপিএ সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির জন্য সকল কর্মচারীদের প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণের ব্যবস্থা করা | (ক) চলতি অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির পারফরম্যান্স আরো ভালো করতে হবে।<br>(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লেখযোগ্য অর্জনের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগের স্বীকৃতি লাভের জন্য সম্মিলিতভাবে প্রচেষ্টা করতে হবে। | সকল অনুবিভাগ/ প্রশাসন অনুবিভাগ |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | হচ্ছে। সভাপতি বলেন, চলতি অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে এ বিভাগের পারফরম্যান্স অবশ্যই ভালো করতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লেখযোগ্য অর্জনের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগের স্বীকৃতি লাভের জন্য সম্মিলিত প্রচেষ্টার প্রতি তিনি বিশেষ গুরুত্বারোপ করেন । | | |
| ৩.৭ | **ই-ফাইলিং:** সভাপতি বলেন যে, ই-ফাইলিংয়ে স্বাস্থ্য সেবা বিভাগ অন্যান্য মন্ত্রণালয় হতে পিছিয়ে রয়েছে। তিনি সকল কর্মকর্তাকে নথিসমূহ আবশ্যিকভাবে ই-ফাইলিংয়ে উপস্থাপন ও নিষ্পত্তি করার উপর বিশেষভাবে জোর দিতে বলেন। সভাপতি তাঁর একান্ত সচিব জনাব মোঃ রাশেদ হোসেনকে স্বাস্থ্য সেবা বিভাগের ই-ফাইলিং কার্যক্রম মনিটরিং করার নির্দেশনা প্রদান করেন। বর্তমানে স্বাস্থ্য সেবা বিভাগের কার্যক্রমের বিষয়ে সরকার ও রাষ্ট্রপ্রধান প্রশংসা করে। কিন্তু স্বাস্থ্য সেবা বিভাগ মন্ত্রিপরিষদ বিভাগ হতে কোন স্বীকৃতি/পুরষ্কার পায়নি। ই-ফাইলিংয়ে উন্নতি করার মাধ্যমে স্বাস্থ্য সেবা বিভাগকে ভাল ফলাফলের দিকে আরো মনোযোগী হতে হবে। | (ক) সকল কর্মকর্তাকে নথিসমূহ আবশ্যিকভাবে ই-ফাইলিংয়ে উপস্থাপন ও নিষ্পত্তি করার উপর বিশেষ জোর দিতে হবে।<br>(খ) সচিব মহোদায়ের একান্ত সচিব জনাব মোঃ রাশেদ হোসেন স্বাস্থ্য সেবা বিভাগের ই-ফাইলিং কার্যক্রম মনিটরিং করবে ।<br>গ) ই-ফাইলিংয়ে স্বাস্থ্য সেবা বিভাগকে ভাল ফলাফলের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগ হতে স্বীকৃতি/পুরষ্কার অর্জন করতে হবে। | সকল অনুবিভাগ/ শাখা/অধিশাখা/ কম্পিউটার সেল |
| ৩.৮ | **প্রশিক্ষণ:** যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, জনপ্রশাসনের নির্দেশনা অনুযায়ী কর্মচারীদের ৬০ (ষাট) ঘন্টার প্রশিক্ষণের অংশ হিসেবে ইতোমধ্যে প্রশাসনিক কর্মকর্তাদের ০১ (একটি) ব্যাচের ৩০ ঘন্টার প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে এবং অন্যান্য ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী ২য় কোয়ার্টার ১২০ জনের প্রশিক্ষণ প্রশাসন-৪ শাখা কর্তৃক সম্পন্ন হয়েছে। সভাপতি শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের উপর জোর দিতে নির্দেশনা দেন। তিনি বলেন, স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তা কর্মচারীগণ কোভিড আক্রান্ত হওয়ার আশঙ্কা থাকা সত্ত্বেও সততার সঙ্গে নিরলসভাবে কাজ করছে। তথাপিও ফলাফল নিম্নগামী দেখতে হবে তা হতে পারে না। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের অধীনে প্রশিক্ষণ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। তিনি প্রশিক্ষণ ফলপ্রসূ করার পরামর্শ দেন। | (ক) শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের উপর জোর দিতে হবে।<br>(খ) এপিএ, শুদ্ধাচার এবং ইনোভেশন কার্যক্রমের আওতায় প্রশিক্ষণসমূহ যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>(খ) প্রশিক্ষণ ফলপ্রসূ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| ৩.৯ | **প্রশাসন অনুবিভাগ:** সভাপতি প্রতিটি অনুবিভাগকে কর্মবন্টন পুনর্বিন্যাস করে প্রশাসন-১ শাখায় প্রেরণের নির্দেশনা দেন। তিনি এ বিষয়ে প্রশাসন অনুবিভাগ ও হাসপাতাল অনুবিভাগের সমন্বয়ে কমিটি করারও নির্দেশনা দেন। | (ক) প্রতিটি অনুবিভাগকে কর্মবন্টন পুনর্বিন্যাস করে প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে ।<br>(খ) প্রতিটি অনুবিভাগের কর্মবন্টন পুনর্বিন্যাস করার জন্য প্রশাসন অনুবিভাগ ও হাসপাতাল অনুবিভাগের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | ক) সকল অনুবিভাগ<br>খ) প্রশাসন ও হাসপাতাল অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ৩.১০ | **উন্নয়ন অনুবিভাগ :** সভাপতি উন্নয়ন অনুবিভাগকে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম তদারকির জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে কর্মকর্তা/কর্মচারীদের বদলী ও পদোন্নতি দেখতে হবে। অধিদপ্তরের বাজেট ব্যয়, টেন্ডারের স্বচ্ছতা, কাজের মান প্রভৃতি তদারকি করতে হবে। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের অধীনে মেগা প্রজেক্ট- ঢাকা মেডিকেল হাসপাতালকে ৫ হাজার বেডে উন্নীতকরণ, কমিউনিটি ক্লিনিকের প্রধান কার্যালয় শেখ হাসিনা কমিউনিটি ট্রাস্ট ভবন নির্মাণের বাস্তবায়ন অগ্রগতির দিকে বিশেষভাবে নজরদিতে নির্দেশনা প্রদান করেন। | ক) উন্নয়ন অনুবিভাগকে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম তদারকি করতে হবে।<br>খ) উন্নয়ন অনুবিভাগ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে কর্মকর্তা/কর্মচারীদের বদলী ও পদোন্নতি দেখবে।<br>গ) উন্নয়ন অনুবিভাগ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে বাজেট ব্যয়, টেন্ডারের স্বচ্ছতা, কাজের মান প্রভৃতি তদারকি করবে।<br>ঘ) স্বাস্থ্য সেবা বিভাগের অধীনে মেগা প্রজেক্ট-ঢাকা মেডিকেল হাসপাতালকে ৫ হাজার বেডে উন্নীতকরণ, কমিউনিটি ক্লিনিকের প্রধান কার্যালয় শেখ হাসিনা কমিউনিটি ট্রাস্ট ভবন নির্মাণের বাস্তবায়ন অগ্রগতির দিকে বিশেষভাবে নজরদিতে হবে। | |
| ৩.১১ | **জনস্বাস্থ্য অনুবিভাগ:** যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য) সভাকে অবহিত করেন যে, আন্তর্জাতিক উদরাময় গবেষণা আইন, ২০১৯ এর পুনরায় ভেটিং'র জন্য গত ১৭.০৫.২০১৮ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে নথি প্রেরণ করা হয় এবং পরবর্তীতে ০৮.১১.২০১৮ তারিখে তাগিদপত্র প্রেরণ করা হয়। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে নথিটি নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে এবং জনস্বাস্থ্য অনুবিভাগ থেকে এ বিষয়ে নিবিড় যোগাযোগ রক্ষা করা হচ্ছে বলে তিনি জানান। সভাপতি উক্ত মন্ত্রণালয়ে যোগাযোগ করে নথির অনুমোদন নিতে পরামর্শ প্রদান করেন। | আন্তর্জাতিক উদরাময় গবেষণা আইন, ২০১৯ নথিটির বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে যোগাযোগ করে অনুমোদন নিয়ে আসতে হবে। | জনস্বাস্থ্য অনুবিভাগ |
| ৩.১২ | **হাসপাতাল অনুবিভাগ:** সভাপতি মন্ত্রিসভা-বৈঠক কর্তৃক নীতিগতভাবে অনুমোদিত বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২০ দ্রুত প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২৯১৯ দ্রুত হালনাগাদকরণের জন্য অতিরিক্ত সচিব (হাসপাতাল), অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) এবং মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিটকে নির্দেশনা প্রদান করেন। | (ক) বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২০ দ্রুততম সময়ের মধ্যে প্রণয়ন সম্পন্ন করতে হবে।<br>(খ) স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০১৯ দ্রুত হালনাগাদকরণের জন্য অতিরিক্ত সচিব (হাসপাতাল), অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) এবং মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ব্যবস্থা গ্রহণ করবেন। | অতিরিক্ত সচিব হাসপাতাল/অতিরিক্ত সচিব আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ৩.১৩ | **আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ:** সভাপতি অডিট নিষ্পত্তির জবাব দ্রুত পাওয়ার উপায় বের করতে বলেন। তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট নিষ্পত্তির হার বৃদ্ধি করতে নির্দেশনা দেন। | ক) অডিট নিষ্পত্তির জবাব দ্রুত পাওয়ার উপায় বা প্রক্রিয়া উদ্ভাবন করতে হবে।<br>খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:)/ সংশ্লিষ্ট অধিদপ্তর |



২৫